

**2021/TDC/CBCS/ODD/
BNGSEC-501T/372**

**TDC (CBCS) Odd Semester Exam., 2021
held in March, 2022**

BENGALI

(5th Semester)

Course No. : BNGSEC-501T

(বর্ণনামূলক বাংলা ব্যাকরণ)

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ২০

সময় : ৩ ঘণ্টা

পাঠ্যসূচী সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো পনেরোটি) : $1 \times 15 = 15$

১। মৌলিক শব্দ ছাড়া অন্য সব শব্দকে কী বলে?

২। ধ্বন্যাত্মক শব্দের একটি উদাহরণ দাও।

৩। বাংলায় গৃহীত একটি ফারসি শব্দের দৃষ্টান্ত দাও।

৪। 'জল-টল' শব্দের কোন্ অংশটি অনুকার শব্দ?

(2)

Downloaded from
https://elearningbengali.in

- ৫। সন্ধি কয় প্রকার ?
- ৬। স্বরবর্ণের সঙ্গে স্বরবর্ণের মিলনকে কী সন্ধি বলে ?
- ৭। “জীবননাশের আশঙ্কায় যে বীমা = জীবনবীমা”—কোন কর্মধারয় সমাসের উদাহরণ ?
- ৮। তৎপুরুষ সমাস কয় প্রকার ?
- ৯। বাংলা ব্যাকরণে পদকে কয় ভাগে ভাগ করা হয়েছে ?
- ১০। অব্যয় পদের একটি উদাহরণ দাও।
- ১১। সংজ্ঞাবাচক বিশেষ্য-এর একটি উদাহরণ দাও।
- ১২। কর্ম অনুসারে ক্রিয়া কয় প্রকার ?
- ১৩। সর্বনাম কয় প্রকার ?
- ১৪। সর্বনাম কথটির আক্ষরিক অর্থ কী ?
- ১৫। প্রশ্নবাচক সর্বনামের একটি উদাহরণ দাও।
- ১৬। পুরুষভেদে সর্বনামের প্রকারভেদ কয়টি ?
- ১৭। গঠন অনুসারে ক্রিয়া কয় প্রকার ?

22J/1004

(Continued)

(3)

- ১৮। মৌলিক ক্রিয়ার একটি উদাহরণ দাও।
- ১৯। অসমাপিকা ক্রিয়ার একটি উদাহরণ দাও।
- ২০। প্রযোজক ক্রিয়ার একটি উদাহরণ দাও।

SECTION—B

নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটা) : ২×৫=১০

- ২১। শব্দদ্বৈত কাকে বলে ?
- ২২। মৌলিক শব্দ কাকে বলে ?
- ২৩। বিসর্গ সন্ধি কাকে বলে ?
- ২৪। সমাস কাকে বলে ? সমাস কত প্রকার ও কী কী ?
- ২৫। যৌগিক ক্রিয়া কাকে বলে ?
- ২৬। সমাপিকা ক্রিয়ার সংজ্ঞা লেখো।
- ২৭। ব্যক্তিব্যচক সর্বনাম বলতে কী বোঝ ?

22J/1004

(Turn Over)

- ২৮। নির্দেশক সর্বনাম কয় প্রকার ও কী কী ?
- ২৯। মৌলিক ক্রিয়ার সংজ্ঞা দাও।
- ৩০। অকর্মক ক্রিয়া বলতে কী বোঝ ?

SECTION—C

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো পাঁচটা) : ৫×৫=২৫

- ৩১। উদাহরণসহ বাংলা শব্দভাণ্ডারে গৃহীত বিদেশি আগমক শব্দগুলো সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- ৩২। সংকর বা মিশ্রশব্দ কাকে বলে? বাংলা শব্দভাণ্ডারে ব্যবহৃত এরূপ পাঁচটি মিশ্রশব্দ বিশ্লেষণ করে দেখাও।
- ৩৩। সন্ধি ও সমাসের মূল পার্থক্যটি কী, উদাহরণসহ আলোচনা করো।
- ৩৪। তোমার পঠিত ব্যাকরণ গ্রন্থে কয় প্রকার বহুব্রীহি সমাসের কথা বলা হয়েছে? সেগুলির একটি করে উদাহরণ দাও।
- ৩৫। বিশেষ্য পদকে কয়টি উপবিভাগে ভাগ করা হয়েছে? বিভাগগুলির নাম উল্লেখ করে উদাহরণসহ যে কোনো দুটি উপবিভাগের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ৩৬। ক্রিয়া বিশেষণের সংজ্ঞা দাও। শব্দদ্বৈতযোগে, অসমাপিকা ক্রিয়াযোগে এবং সপ্তমী বিভক্তিযোগে গঠিত ক্রিয়া বিশেষণের একটি করে উদাহরণ দাও।

৩৭। সর্বনাম-এর সংজ্ঞা ও প্রকারভেদ সম্পর্কে আলোচনা করো।

৩৮। প্রশ্নসূচক সর্বনাম ও অনিশ্চয়সূচক সর্বনাম সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৩৯। উদাহরণসহ ধন্যাত্মক ধাতুজ ক্রিয়ার পরিচয় দাও।

৪০। উদাহরণসহ সংযোগমূলক ক্রিয়া ও যৌগিক বা মিশ্রক্রিয়ার পার্থক্য নির্ণয় করো।
